যায়যায়দিন

তারিখ : 16 JAN 2009
পৃষ্ঠা ২০ কলাম

# কিশোরগঞ্জে দুটি সরকারি স্কুলে ভর্তি ফি দু'রকম : ছাত্রীরা বৈষম্যের শিকার

কিশোরগঞ্জ প্রতিনিধি

কিশোরগঞ্জে দুটি সরকারি স্কুলে ষষ্ঠ শ্রেণীতে ভর্তি ফি দু'রকম। আর এতে করে বৈষম্যের শিকার হচ্ছে শিক্ষার্থীরা। অভিভাবকরাও এ নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন।

খোঁজ নিয়ে জানা গেছে, কিশোরগঞ্জ সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে এবার ভর্তি ফি নির্ধারণ করা হয়েছে ৫৫০ টাকা। এর মধ্যে সেশন চার্জ ৪১০ টাকা, ক্যালেন্ডার বাবদ ৪০ টাকা, ভর্তি ফি ১০ টাকা, ভর্তি ফরম ২০ টাকা, বেতন ১০ টাকা, টিফিন ৪০ টাকা ও ভর্তি রেজিস্টার ২০ টাকা। অথচ কিশোরগঞ্জ এসভি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ভর্তি ফি ২৭৫ টাকা বেশি নেয়া হচ্ছে। এ স্কুলে মোট ভর্তি ফি নেয়া হচ্ছে ৮২৫ টাকা। এর মধ্যে সেশন চার্জ ৪৫০ টাকা, সরকারি চালান বাবদ ১০ টাকা, ভর্তি ফি ১০ টাকা, টিফিন ৪০ টাকা, সাধারণ তহবিল ১৮৫ টাকা, উপবৃত্তি ফি ২০ টাকা, ভর্তি রেজিস্টার ১০ টাকা ও হোস্টেল উন্নয়ন বাবদ ১০০ টাকা।

অনেক অভিভাবক এ নিয়ে ক্ষোভ প্রকাশ করে বলেছেন, ছাত্রীদের শিক্ষার প্রতি অগ্রহী করতে সরকার যেখানে উপবৃত্তিসহ বিভিন্ন সুযোগ-সুবিধা দিচ্ছে, সেখানে স্কুলে ছাত্রীরাই বৈষম্যের শিকার হচ্ছে।

এ ব্যাপারে জেলা শিক্ষা অফিসার মো. হারুন অর রশীদ সরকারের কাছে জানতে চাইলে তিনি কিছুই জানেন না বলে জানান।

এসভি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শাহনাজ কবীর জানান, আমরা যাবতীয় ফি একসঙ্গে নিচ্ছি। আর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে অনেক ফি পরে নেয়া হয়, তাই আমাদেরটা বেশি মনে হচ্ছে।

এদিকে ভর্তির ক্ষেত্রে কোন কোন খাতে কতো টাকা নেয়া হচ্ছে দুটি স্কুলের নোটিশ বোর্ডেও তা টানানো হয়নি। ফলে খাতওয়ারি ফি সম্পর্কে অভিভাবক ও ছাত্রছাত্রীরা জানতে পারছেন না। এ বিষয়ে দুটি স্কুলের কেউই মুখ খোলেননি।